# সালাফী ও সালাফিয়াত পরিচিতি

বিভাগ/অধ্যায়ঃ পরিশিষ্ট

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

## বর্তমানে সালাফী কারা?

যে ব্যক্তি সাহাবায়ে কিরাম, তাদের অনুগামী তাবেঈন, তাঁদের অনুগামী তাবা-তাবেঈন ও দীনের ইমামগণের অনুসরণ করে সহীহ হাদীসের ফায়সালাকে মাথা পেতে গ্রহণ করে, তাদের বুঝে কুরআন ও হাদীস বোঝে এবং সেই অনুযায়ী আমল করে, বিশ্বাস করে, ইবাদত করে, আচরণ করে, দাওয়াত ও তরবিয়ত দেয়, সেই হল সালাফী। সেই হল সালাফী মানহাজ ও আদর্শের অনুসারী।

ভালোভাবে লক্ষণীয় যে, এ ব্যাপারে নির্দিষ্ট করে কেবল একজনের অন্ধানুকরণ করে না, বরং উলামার অনুসরণ করে এবং দলীলপুষ্ট ও যুক্তিযুক্ত মতটিকে গ্রহণ করে। তাহলে সালাফী জামাআতের প্রতিষ্ঠাতা কে? সালাফিয়াত কোন মতবাদ নয়, সংগঠিত দল নয়, বিচ্ছিন্ন ফির্কা নয়। বরং তা হল ইসলামের মূল স্রোতধারা। মুসলিমদের সঠিক জীবন-পদ্ধতি। সুতরাং সঠিক ইসলামের এ জামাআতের প্রতিষ্ঠাতা কোন মানুষ নয়। অথবা বলা যায়, এর প্রতিষ্ঠাতা হলেন স্বয়ং রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)। অবশ্য যুগে যুগে তার সংস্কারক আছে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12445

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন